



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



চতুর্দশ (১৪শ) জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২৩ এর উদ্বোধন অনুষ্ঠিত



১৬ ফেব্রুয়ারি ২০২৪-শুক্রবার গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে, বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের অর্থায়নে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে চতুর্দশ (১৪শ) জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২৩ (ঢাকা দক্ষিণ অঞ্চল) এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান। পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ শরিফুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ শহীদুল ইসলাম।



অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন উক্ত অলিম্পিয়াড আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলম এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সদস্য সচিব অধ্যাপক ড. মোস্তাক আহমেদ।

এসময় গণিত বিভাগের শিক্ষক-শিক্ষার্থী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অলিম্পিয়াডের উদ্বোধন শেষে একটি র্য়ালি বিশ্ববিদ্যালয়ের পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

আজকের গণিত অলিম্পিয়াডে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ঢাকা দক্ষিণ অঞ্চলের মোট ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের ২২টি বিভাগ থেকে ১০৯জন প্রতিযোগী অংশগ্রহণ করছেন। বিকালে সমাপনী অনুষ্ঠানে ফলাফল ঘোষণা করা হবে।